গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮- ১১০

তারিখঃ ১৩ চৈত্র ১৪২৪
২৭ মার্চ ২০১৮

**বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৩ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত "ছকে" তথ্যসহ আগামী ০১-০৪-২০১৮ খ্রি: তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

২৭.০৩.১৮
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা ,সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১২। সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন অধিদপ্তরসমূহের ফেব্রুয়ারি ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতিঃ | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময়ঃ | ১৩ মার্চ, ২০১৮, বেলা- ১১.০০ টায় |
| স্থানঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জানুয়ারি' ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ১ | গত সভার (জানুয়ারি ২০১৮) কার্যবিবরণী নিশ্চিতকরণ | জানুয়ারি ২০১৮ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। | |

| নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | **ই- টেন্ডারিং :**<br>**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** চলতি অর্থ বছর হতে ক্রয় কার্যক্রমে ই-টেন্ডারিং পদ্ধতি চালু করা হয়েছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** ই-টেন্ডারিং এর মাধ্যমে সরকারি ক্রয়ের বিষয়ে ই-জিপিতে রেজিস্ট্রেশন হয়েছে । অধিদপ্তরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং চলতি অর্থবছরে ক্রয় পরিকল্পনা অনুযায়ী ই-টেন্ডারিং এর মাধ্যমে পণ্যসামগ্রী ক্রয় করা হবে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** পানিবাহী গাড়ী (১৮০০ লিটার) ০৩টি, টোয়িং ভিহিক্যাল (পিক-আপ টাইপ) ০৩টি, ডেলিভারী হোজ উইথ কাপলিং-৪১১টি ।<br>**কারা অধিদপ্তরঃ** কোন টেন্ডার আহবান করা হয়নি।<br>**সুরক্ষা সেবা বিভাগ :** আওতায় Desktop Computer ২৫টি , Laptop ১০টি , Fax Machin ১০টি, Laser Printer ২০টি, Printer ১০টি, Toner ৪০টি, Scanner ৩০টি, Photocopier ১২টি এবং Photocopier Toner ২৪টি ই-জিপিতে ক্রয়ের উদ্দেশ্যে ০৪ টি বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। | • সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তরে শতভাগ ক্রয় ই-টেন্ডারিং এ সম্পন্ন করা;<br>• ই-টেন্ডারিং ব্যতীত কোন টেন্ডার আহবান না করা;<br>• উইং প্রধানগণ কর্তৃক সংশ্লিষ্ট অধিদপ্তরে ই-টেন্ডারিং এর মাধ্যমে শতভাগ ক্রয়ের বিষয়টি follow up করা;<br>• ই-টেন্ডারিং এর জন্য প্যাকেজ প্রস্তুতকালে পণ্যের ধরন অনুযায়ী পৃথক পৃথক প্যাকেজ প্রস্তুত করা;<br>• কত তারিখ থেকে ইজিপিতে ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে তার উল্লেখ করে কতটি ক্রয় ইজিপিতে করা হয়েছে তার সংখ্যাসহ তথ্য প্রদান করা।<br>• অবিলম্বে প্রশাসন ও অর্থ বিভাগ কর্তৃক এ বিভাগের ক্রয় ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পাদনের বিষয়টি নিশ্চিত করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ। |

২৭

| | | |
|---|---|---|
| ২.২ | • **বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** ১০ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদিত হয়। চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৪-০৩-২০১৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। গত ০৮-০২-২০১৫ তারিখে, ১৯-০৮-২০১৫ তারিখে ও ২৬-০২-২০১৭ তারিখে তাগিদপত্র দেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে গত ১৭-০৮-২০১৭ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় জানায় যে, ব্রাজিল সরকারের পক্ষ থেকে চুক্তির উপর কোন মতামত এখনও পাওয়া যায়নি। বিভিন্ন দ্বিপাক্ষিক বৈঠকে ব্রাজিলীয় সরকারের জ্ঞাতার্থে এ প্রসঙ্গটি উত্থাপিত হলে বিষয়টি তাঁদের সক্রিয় বিবেচনায় আছে মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে অবহিত করা হয়। ০৯-১০-২০১৭, ১৬-১১-২০১৭ এবং ৩০-০১-২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় স্মরণিকাপত্র দেয়া হয়।<br>• **বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** ০৫ মে, ২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদিত হয়। চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১৬ জুন ২০১৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখে সংশোধনকৃত বাংলায় অনুবাদ করা ভেটিংকৃত কপি পুনরায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ১৬ নভেম্বর, ২০১৭ এবং ৩০ জানুয়ারি, ২০১৮ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় স্মরণিকাপত্র দেয়া হয়। | • পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে চুক্তি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করা;<br>• পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনিষ্পন্ন থাকা বিষয়সমূহের উপর সুরক্ষা সেবা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর থেকে ইতোপূর্বে প্রেরিত পত্রের স্মারক নম্বর ও তারিখ উল্লেখপূর্বক বহিরাগমন অনুবিভাগ কর্তৃক একটি তালিকা প্রস্তুত করা;<br>• সংশ্লিষ্ট অঞ্চলভিত্তিক মহাপরিচালক বরাবরে বিষয়টি ত্বরান্বিতকরণের জন্য পত্র প্রেরণ অব্যাহত রাখা।<br>বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান(নিরাপত্তা ও বহিরাগমন)। |
| | **জেল কোড সংশোধন :** The Prisoner`s Act ও জেল কোড সংশোধনের বিষয়ে মাননীয় আইন মন্ত্রীর সভাপতিত্বে ১৭-০৮-২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। এ সভায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সিনিয়র সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। ১০-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত এ কমিটির প্রথম সভায় The Prisoner`s Act ও Jail Code এর সংশোধিত খসড়া প্রণয়নের লক্ষ্যে ২টি উপকমিটি গঠন করা হয়। কারা অধিদপ্তর মোট ১০টি অধ্যায়ে ১৫২ টি ধারা সন্নিবেশিত করে নতুন কারা আইনের প্রাথমিক খসড়া তৈরি করেছে। প্রাথমিক খসড়ার ১৫২ টি ধারার মধ্যে অদ্যাবধি ৯০ ধারা পর্যন্ত উপকমিটি কর্তৃক পর্যালোচনা সম্পন্ন হয়েছে। | • আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে ভেটিং এর বিষয়টি ত্বরান্বিত করা;<br>বাস্তবায়নে : কারা অনুবিভাগ। |

<table>
<tr>
<td></td>
<td>নাগরিকত্ব আইন, ২০১৬: বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৫-এর চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের নিমিত্ত প্রেরণ করা হলে গত ০১-০২-২০১৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে প্রস্তাবিত আইনের কিছু ধারা-উপধারায় সংশোধনী আনয়ন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে প্রস্তাবিত আইন ভেটিং এর জন্য গত ২৮-০৩-২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিগত ০২-০৮-২০১৭ তারিখে প্রস্তাবিত বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৫ এর বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ; সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ সভায় অংশগ্রহণ করেছেন। ভেটিং শেষে খসড়া আইনটি এখনও আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে ফেরত পাওয়া যায়নি।</td>
<td>আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে দাপ্তরিক ও ব্যক্তিগতভাবে যোগাযোগ অব্যাহত রাখা;<br><br>বাস্তবায়নে : কারা অনুবিভাগ।</td>
</tr>
<tr>
<td>২.৩</td>
<td colspan="2">বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :</td>
</tr>
<tr>
<td></td>
<td></td>
<td>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা পরিবর্তনের বিষয়টি আগামী ১৪-০৩-২০১৮ খ্রি: তারিখের মধ্যে বিনা ব্যর্থতায় প্রেরণ নিশ্চিত করা;<br>• অধিদপ্তর/সংস্থা প্রধানগণ কর্তৃক অধস্তন অফিসের বাস্তবায়ন অগ্রগতি Follow Up করে সুরক্ষা সেবা বিভাগে প্রতিবেদন প্রেরণ করা;<br>• আগামীতেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়ন করে লক্ষ্যমাত্রা অর্জন করা;<br>• ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কার্যক্রম তদারকি করা।<br>• <u>বাস্তবায়নে :</u> অতিরিক্ত সচিব (অগ্নি)/বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা/যুগ্মসচিব (প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>২.৪</td>
<td><u>সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের জনবল সংক্রান্ত থ্যাদি:</u>
<table>
<tr><th>মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর (মোট পদ সংখ্যা)</th><th>অনুমোদিত পদ</th><th>পূরণকৃত পদ</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td></tr>
<tr><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>২৬০</td><td>১৬৬</td><td>৯৪</td></tr>
<tr><td>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :<br>২৮ জন ৩য় শ্রেণির এবং ০১ জন ৪র্থ শ্রেণির নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে।</td><td>১১৮৪</td><td>১০৪৯</td><td>১৩৫</td></tr>
<tr><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :<br>সহকারী পরিচালক-এর ১০ টি পদে নিয়োগের জন্য ১০-১২-২০১৭ তারিখে ও প্রসিকিউটর-এর ০৪টি পদে নিয়োগের জন্য ০৯-১০-২০১৭ তারিখে পাবলিক সার্ভিস কমিশনে অধিযাচন প্রেরণ করা হয়েছে এবং ৩য় ও ৪র্থ শ্রেণির ২৪২টি শূন্য পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তি গত ২৭-১২-২০১৭ তারিখে পত্রিকায় প্রকাশ করা হয়েছে।</td><td>১৭০৬</td><td>১১৮১</td><td>৫২৫</td></tr>
<tr><td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>৯২০৩</td><td>৭৭২৬</td><td>১৪৭৭</td></tr>
</table>
</td>
<td>• নতুন পদ সৃষ্টির বিষয়ে অনুমোদন ও ছাড়পত্র প্রদান করা;<br>• শূন্যপদে লোক নিয়োগের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;<br>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিজ্ঞাপিত ২৪২ টি পদে জনবল নিয়োগের কার্যক্রম জুন ২০১৮ এর মধ্যে সম্পন্ন করা;<br>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের শূন্য পদে নিয়োগের অবশিষ্ট পদসংখ্যা নিরূপন করা এবং নিয়োগবিধি সংক্রান্ত জটিলতার বিষয়ে জনাব মো: আতিকুল হক, অতিরিক্ত সচিব (মাদক) ও সৈয়দ বেলাল হোসেন, যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) পিএসসি হতে মতামত সংগ্রহ করে শূন্য পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রনালয়ে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ করা;<br>• আগামী ০২ মাসের মধ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৬৮১টি শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা;<br>• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন যে সকল নবনির্মিত ফায়ার স্টেশনে অদ্যাবধি জনবল নিয়োগ/পদায়ন করা হয়নি তার পরিসংখ্যান প্রেরণ করা;<br>• আগামী ১৪-০৩-২০১৮ খ্রি: তারিখের মধ্যে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক চালুর অপেক্ষাধীন ফায়ার স্টেশনসমূহের শূন্যপদে ইতোপূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনকৃত প্রার্থীদের মধ্য হতে জনবল পদায়ন/নিয়োগ এর বিষয়ে মতামত চেয়ে সচিব বরাবর পত্র প্রেরণ;</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| | কারা অধিদপ্তর : ২২৮টি শূন্য পদে লোক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি গত ০৩-১০-২০১৭ তারিখে পত্রিকায় প্রকাশ করা হয়েছে। অবশিষ্ট শূন্য পদ পুরণের কার্যক্রম চলমান রয়েছে। \| ১২১৭৩ \| ৯৬৪১ \| ২৫৩২<br>মোট = \| ২৪৫২৬ \| ১৯৭৬৩ \| ৪৭৬৩ | • যে সকল ফায়ার স্টেশন জনবলের অভাবে এখনও চালু করা সম্ভব হয়নি সেই সকল স্টেশনে বিধিমোতাবেক লোকবল পদায়নের ব্যবস্থা গ্রহণপূর্বক স্টেশনসমূহ দ্রুত চালু করা;<br>• আগামী এপ্রিল-মে ২০১৮ মাসের মধ্যে কারা অধিদপ্তর হতে বিজ্ঞাপিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের কার্যক্রম সম্পন্ন করা;<br>**বাস্তবায়নে :** প্রশাসন ও অর্থ অনুবিভাগ/বহিরাগমন ও পাসপোর্ট অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ। |
| ২.৫ | **অডিটঃ** | |
| ২.৬ | **পেনশনঃ** | |
| | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে কোন পেন্ডিং পেনশন কেইস নাই।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের প্রাক্তন উপ-পরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিবারিক পেনশন অনিষ্পন্ন রয়েছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৩টি পেনশন কেইস অনিষ্পন্ন রয়েছে। ০৩ টি অনিষ্পন্ন পেনশন কেইস এর মধ্যে ০১ টিতে অভিভাবক মনোনীত না থাকার কারণে, ০১ টিতে ২য় স্ত্রী থাকায় কোর্ট হতে সাকসেশন সার্টিফিকেট সংগ্রহ করে প্রেরণ না করার কারণে এবং ১টিতে গৃহ নির্মাণ অগ্রিম ও সুদ মওকুফ না হওয়ার কারণে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। বর্ণিত কাগজ পত্র সংগ্রহের কাজ চলমান আছে। কাগজ পত্র প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা হবে।<br>**কারা অধিদপ্তরঃ** অবসরপ্রাপ্ত কারা তত্ত্বাবধায়ক জনাব শেখ আবদুল অমিক এর কারা উপ-মহাপরিদর্শক পদে ভূতাপেক্ষ পদোন্নতির কারণে লাম্পগ্র্যান্ট ও আনুতোষিক পুনঃ নির্ধারণ করে ৩০-৪-২০১৭ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। তদপ্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগ হতে চাহিত তথ্য (অবসর গ্রহণের প্রজ্ঞাপন, পদোন্নতির বেতন নির্ধারণী ও পেনশন ভাতার বহির ছায়ালিপি) ২৭-২-২০১৮ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। | • সংশ্লিষ্ট বিভাগসমূহ কর্তৃক পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করা;<br>• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পেনশন কেইসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে পরিচালক (প্রশাসন) কর্তৃক বিশেষ উদ্যোগ গ্রহণ করা;<br>• সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মনিটরিং করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| ২.৭ | • **পরিদর্শন :** | |

| অধিদপ্তরের নাম | পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি | পরিদর্শনকৃত অফিসের নাম |
|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | মেজর জেনারেল মোঃ মাসুদ রেজওয়ান, মহাপরিচালক | আঞ্চলিক পাসপোর্ট অফিস, যশোর, নড়াইল ও কক্সবাজার |
| | জনাব মোঃ শিহাব উদ্দিন খান পরিচালক (প্রশাসন ও অর্থ) | আঞ্চলিক পাসপোর্ট অফিস, ব্রাহ্মণবাড়িয়া |
| | জনাব মোঃ সাইদুর রহমান পরিচালক(পাস:,ভিসাও পরির্দশন) | আঞ্চলিক পাসপোর্ট অফিস, ময়মনসিংহ |
| | জনাব মোঃ সাইদুর রহমান পরিচালক(পাস:,ভিসাও পরির্দশন) | আঞ্চলিক পাসপোর্ট অফিস, ময়মনসিংহ |
| | জনাব মোহাম্মদ তৌফিকুল ইসলাম খান, উপপরিচালক (অর্থ) | আঞ্চলিক পাসপোর্ট অফিস, কুমিল্লা, নোয়াখালি ও চাঁদপুর |
| | জনাব মোহাম্মদ নজরুল ইসলাম ভূইয়া, এসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট | আঞ্চলিক পাসপোর্ট অফিস, গোপালগঞ্জ, শরীয়তপুর ও জামালপুর |
| | জনাব মোহাম্মদ সাচ্চু মিয়া মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার | আঞ্চলিক পাসপোর্ট অফিস, টাঙ্গাইল, |
| | জনাব মোঃ ইসমাইল হোসেন সহকারী পরিচালক (ভিসা) | আঞ্চলিক পাসপোর্ট অফিস, মুন্সিগঞ্জ |
| | জনাব মোঃ শাহাদাৎ হোসেন সহকারী পরিচালক (পাসপোর্ট) | আঞ্চলিক পাসপোর্ট অফিস, সাতক্ষীরা |
| | জনাব বিলকিস আফরোজা সিদ্দিকা, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) | আঞ্চলিক পাসপোর্ট অফিস, কক্সবাজার, খাগড়াছড়ি ও রাঙ্গামাটি |
| | জনাব নাসরিন পারভীন নুপুর | আঞ্চলিক পাসপোর্ট অফিস, পটুয়াখালী |

| | | | |
|---|---|---|---|
| | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ব্রিগেডিয়ার জেনারেল আলী আহাম্মেদ খান, পিএসসি (অবঃ) মহাপরিচালক | ঢাকার পূর্বাচলস্থ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধিগ্রহণকৃত জমির সীমানা প্রাচীর নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন। |
| | | | নাটোর, পুঠিয়া, রাজশাহী বিশ্ববিদ্যালয়, নওহাটা, রাজশাহী(উত্তর) ফায়ার স্টেশন পরিদর্শন। |
| | | লেঃ কর্ণেল এস,এম জুলফিকার রহমান, বিএসপি,পিএসসি,ইঞ্জিনিয়ার্স পরিচালক(পঃউঃপ্রঃ) | কক্সবাজার ফায়ার স্টেশন এবং চট্টগ্রামের বিভাগীয় কারিগরি কারখানার চলমান নির্মিত ট্রেনিং শেড এর নির্মাণ কাজ পরিদর্শন। |
| | কারা অধিদপ্তর | ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ ইফতেখার উদ্দীন, কারা মহাপরিদর্শক | সিলেট কেন্দ্রীয় কারাগার, |
| | | | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার |
| | | মোঃ ইকবাল হাসান,বিজিবিএম অতিরিক্ত কারা মহাপরিদর্শক | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার |
| | | | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার |
| | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ০০ | ০০ |

সিদ্ধান্তসমূহ :

- অধিদপ্তরসমূহের চলমান উন্নয়ন প্রকল্প এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম মনিটর করা, সমস্যা চিহ্নিত করা এবং সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক জেলার চলমান কার্যক্রম ও গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প নিয়মিত পরিদর্শন করা;
- প্রতিমাসে মহাপরিচালক, পরিচালক ও অন্যান্য যে সকল কর্মকর্তা পরিদর্শন করছেন তার বিবরণ নির্ধারিত ছকে প্রদান করা;
- পরিদর্শনকালে যদি এমন কোন বিষয়/সমস্যা পরিলক্ষিত হয় যা অধিদপ্তর পর্যায়ে নিস্পত্তিযোগ্য নয়, সেক্ষেত্রে তা প্রতিবেদন আকারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, সুরক্ষা সেবা বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অনুবিভাগে এর অনুলিপি প্রেরণ করা;
- পরিদর্শনকারী কর্মকর্তার সুপারিশসমূহের গুরুত্বপূর্ণ অংশ নিয়ে আলাদাভাবে সভার আয়োজন করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ।

২.৮ অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :

| | | |
|---|---|---|
| | **বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিস্পত্তির কার্যক্রম গ্রহণ করা হচ্ছে;<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে;<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে;<br>**কারা অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহন করা হচ্ছে। | • অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তাগণ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করা।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |

**২.৯ প্রশিক্ষণ :**

| বিভাগ/ অধিদপ্তরের নাম | কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | বর্তমান মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ৩ | ০৫ | ০৬ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১ম শ্রেণি | ২৪ | ১২ | ৬৭ |
| | ২য় শ্রেণি | ১০ | - | ৩২ |
| | ৩য় শ্রেণি | ১৯৯ | - | ৭৫ |
| | ৪র্থ শ্রেণি | ৪১ | - | ৬ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১ম শ্রেণি | ১৫৯ | ০০ | ২০.৭৫ |
| | ২য় শ্রেণি | ১৭১ | ০০ | ৭.২৯ |
| | ৩য় শ্রেণি | ১০৩৩ | ০০ | ০.৫৪ |
| | ৪র্থ শ্রেণি | ৩৪৩ | ০০ | ০০ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা | ১ম শ্রেণি | ৩৪ | | ১৮.৮২ |
| | ২য় শ্রেণি | ৩৬০ | | ৩৬.৬৭ |
| | ৩য় শ্রেণি | ১৮৩৪ | | ৪৫.৯৯ |
| | ৪র্থ শ্রেণি | ৫৪৭১ | | ৩১.৭১ |
| কারা অধিদপ্তর | ১ম শ্রেণি | ৯৭ | ৩.৩০ | ৪২ |
| | ২য় শ্রেণি | ১৫৮ | ৫.০০ | ৪২ |
| | ৩য় শ্রেণি | ২৯০ | ৩.০০ | ৪৩ |
| | ৪র্থ শ্রেণি | ১৭ | ৪.০০ | ৪২ |

সিদ্ধান্তসমূহ :

- Training Need Assess করে ২০১৭-১৮ অর্থ বছরের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ সমাপ্ত করা;
- প্রশিক্ষণ মডিউলে APA ও NIS কে অন্তর্ভুক্ত রেখে ০২টি প্রশিক্ষণ ক্লাসের আয়োজন করা;
- বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ নির্ধারিত সময়ে সমাপ্ত করার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম আরো বৃদ্ধি করা;
- কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান মোট কর্মকর্তা/কর্মচারীওয়াইজ সভায় উপস্থাপন করা;
- জনাব শিরীন রুবী,উপসচিব(কারা) কর্তৃক অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে আলোচনা করে কর্মকর্তা/কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) প্রস্তুতে সহায়তা করা;

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ/জনাব শিরীন রুবী,উপসচিব(কারা)

**২.১০ ওয়েবসাইট হালনাগাদকরণ :**

- আগামী ১৫-০৩-২০১৮ তারিখের মধ্যে স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উত্তরণের সাফল্য উদযাপন শীর্ষক অধিদপ্তর ভিত্তিক গৃহীত কর্মসূচিসমূহ ওয়েব সাইটে আপলোড করা;
- অধিদপ্তরসমূহের ইনোভেশন এবং উত্তম চর্চাসমূহ সময়ে সময়ে ওয়েবসাইটে আপলোড/আপডেট করা;
- এ ছাড়া জারীকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, নাগরিকত্ব পরিত্যাগ, দরপত্র বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আপলোড করা;
- বড় বড় মন্ত্রণালয়ের অনুসরণে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ওয়েব সাইট সমৃদ্ধ করা;
- এ বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের ওয়েব সাইট নিয়মিত আপলোডের অগ্রগতি সমন্বয় সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ মাসুদুর রহমান ভুইয়া কর্তৃক উপস্থাপন করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/জনাব মোহাম্মদ মাসুদুর রহমান ভুইয়া, উপসচিব।

**২.১১ ই-ফাইলিং :**

- সচিবালয় নির্দেশমালা অনুসরণ এবং ই-ফাইলিং এর জন্য প্রযোজ্য নথির ধরন অনুযায়ী নথি খোলা এবং সে অনুযায়ী নথি ব্যবস্থাপনা করা;
- ই-ফাইলিং পদ্ধতিতে চিঠিপত্র নিষ্পত্তির জন্য সবাইকে আরো যত্নবান হওয়া এবং আন্তরিকতা ও নিষ্ঠার সহিত কাজ করা;
- ই-ফাইলিং এর মাধ্যমে পত্র জারী করে নিষ্পত্তি করা;
- যুগ্ম সচিব(প্রশাসন) কর্তৃক নিয়মিত ই-ফাইলিং কাজ তদারকি করা।
- ই-ফাইলিং এর বিষয়ে মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান (সকল)

| ক্রম | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.১২ | ইনোভেশন ও উত্তম চর্চাঃ | • ইনোভেশন কার্যক্রমের উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত না হওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন; ইনোভেশন ও শুদ্ধাচার কার্যক্রমের উপর অধিকতর গুরুত্ব দেয়া এবং দৃশ্যমান উন্নতি সাধন করা;<br>• মাসিক সমন্বয় সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তম চর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চীফ ইনোভেশন কর্মকর্তা। |

**২.১৩ মামলাঃ**

সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ

| অধিদপ্তরের নাম | অনিষ্পন্ন মামলার সংখ্যা | সর্বশেষ অবস্থা |
|---|---|---|
| ০৪। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | টাইটেলস্যুট-০১<br>পারিবারিক ০১<br>এটি মামলা-০৪টি<br>রিট পিটিশন-১৩৬টি | বিচারাধীন |
| ০৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | এটি মামলা-০৩টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৪২টি | বিচারাধীন |
| ০২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | এটি মামলা-১৪টি<br>এএটি মামলা-০২টি<br>ফৌজদারী মামলা-০২টি<br>রিভিউ মামলা-০১টি<br>রিট পিটিশন-৩৩টি<br>লিভ টু আপীল-০২টি | বিচারাধীন |
| ০৪। কারা অধিদপ্তর | এটি মামলা-৪২টি<br>এএটি মামলা-৩২টি<br>রিট মামলা-১১টি<br>লিভ টু আপীল-০৮টি<br>রিভিউ ০১টি | বিচারাধীন |

- বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি ০৫(পাঁচ) জনকে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জন্য ০৫(পাঁচ) জনকে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য ০২ (দুই) জনকে এবং কারা অধিদপ্তরের জন্য ০৫(পাঁচ) জনকে বেসরকারি আইনজীবী হিসেবে নিয়োগ করার জন্য অনুমোদন পাওয়া গেছে। অনুমোদনপ্রাপ্ত প্যানেল আইনজীবীগণের সাথে দ্রুত চুক্তি সম্পাদনের কার্যক্রম সম্পন্ন করা;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে অনুমোদনপ্রাপ্ত ০৫(পাঁচ) জনের মধ্যে অবশিস্ট ০৩ (তিন) জনের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য ব্যক্তিগত যোগাযোগ করা;
- জনাব মো: মুহিবুল হক, অতিঃসচিব (কারা) কর্তৃক সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সমন্বয়ে বিদ্যমান মামলাসমূহের সর্বশেষ অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভা করা;
- মামলায় সরকারী স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;
- চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up করা;
- তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;
- মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা;
- শাখা ও অধিশাখা কর্তৃক অধিদপ্তরের মামলাসমূহ মনিটরিং করা;
- প্রত্যেক দপ্তর/সংস্থা থেকে কমপক্ষে ০৩ জন কর্মকর্তাকে এসএফ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনয়ন প্রদান করা;

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ।

**২.১৪ বিবিধ :**

| বিষয় | সিদ্ধান্ত |
|---|---|
| **১৪.১ ভিডিও কনফারেন্স** | ১৪.১ প্রত্যেক মাসে একাধিক ভিডিও কনফারেন্স এর আয়োজন করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| **১৪.২ তথ্যের গোপনীয়তা রক্ষা করা** | ১৪.২ গোপানীয়ভাবে জারীকৃত সরকারী পত্রের গোপনীয়তা রক্ষা করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।